

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বাবুগঞ্জ, বরিশাল।
acl.babuganj.barisal.gov.bd


প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল জেলাধীন বাবুগঞ্জ উপজেলাধীন রহমতপুর বাজারের খাস খতিয়ানভুক্ত জমিতে একটি পুরাতন পাকা টোলঘর প্রকাশ্য নিলামে বিক্রয়ের জন্য জেলা কমিটির ২৪/০১/২০২৪ তারিখের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং ২৫.০১.২০২৪ তারিখের ৩১.১০.০৬০০.১০৮.০০৬.১৪.২১-১০৪ নম্বর স্মারক মোতাবেক পুরাতন পাকা টোলঘর (যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্ত আগামী ০৭/০২/২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকার সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিম্নবর্ণিত শর্তে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

ক্রমিক নম্বর	মালামালের অবস্থান	মালামালের বিবরণ	প্রাক্কলন মূল্য	নিলামের তারিখ	নিলামের স্থান
০১.	রহমতপুর বাজার	০১ টি পুরাতন পাকা টোলঘর	৫১,৬৮০/-	০৭/০২/২০২৪	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল।

শর্তাবলী:

০১. নিলাম ডাকে অংশগ্রহণকারী ব্যক্তিগণকে আগামী ০৭/০২/২০২৪ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নগদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত ও আত্মীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
০২. প্রাক্কলনের মূল্য অনুযায়ী সর্বোচ্চ ডাক দাতার ডাক গ্রহণ করা হবে।
০৩. সর্বোচ্চ নিলাম ডাককারী কর্তৃক নিলাম ডাকের সমুদয় টাকা নিলাম শেষ হওয়ার সাথে সাথে নগদ পরিশোধ করতে হবে।
০৪. সর্বোচ্চ নিলাম ডাককারী নিলাম ডাকের সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে।
০৫. নিলাম চুক্তিমূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর পরিশোধ করতে হবে।
০৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
০৭. অনুমোদিত দরদাতাকে কার্যাদেশ প্রদানের ২০(বিশ) দিনের মধ্যে সমস্ত স্থাপনা নিজ দায়িত্বে ও ব্যয়ে অপসারণ করতে হবে। এ বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবেনা।
০৮. জরাজীর্ণ পুরাতন ভবনসমূহ অপসারণের সময় সংলগ্ন স্থাপনা যাতে ক্ষতিগ্রস্ত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে এবং কোনরূপ ক্ষতি হলে তার উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে।
০৯. নিলাম ডাকের ব্যাপারে যেকোন বিষয়ে উপজেলা নিলাম কমিটির সিদ্ধান্ত বলে গণ্য হবে।


সুবোধ বিশ্বাস দাস
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য সচিব
পুরাতন মালামাল নিলাম বিক্রয় কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।
ই-মেইলঃ


aclbabuganj.barisal@gmail.com

তারিখঃ ২৯/০১/২০২৪ খ্রিঃ।

স্মারক নম্বর: ৩১.১০.০৬০০.০০০.১৩.০০৮.২৪-১২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. জেলা প্রশাসক, বরিশাল।
২. উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
৩. উপজেলা প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল।
৪. উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল।
৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, রহমতপুর ইউনিয়ন ভূমি অফিস, বাবুগঞ্জ, বরিশাল।(বিষয়টি নোটিশ বোর্ড/টোল সহরাতের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৬. নোটিশ বোর্ড।


সুবোধ বিশ্বাস দাস
সহকারী কমিশনার(ভূমি)

ও
সদস্য সচিব
পুরাতন মালামাল নিলাম বিক্রয় কমিটি
বাবুগঞ্জ, বরিশাল।